

বিসিএসআইআর স্কুল এন্ড কলেজ

বিসিএসআইআর ক্যাম্পাস, নিউমার্কেট, ঢাকা-১২০৫

২০২৫ শিক্ষাবর্ষে শিশু (KG) শ্রেণিতে অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলী

- ২০২৫ শিক্ষাবর্ষে শিশু (KG) শ্রেণিতে লটারীর মাধ্যমে (সীমিত আসনে) ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ২৪ অক্টোবর ২০২৪ হতে ২৫ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত অনলাইন/সরাসরি (অফিস সময়ে) মাধ্যমে আবেদন করা যাবে।
 - অনলাইন ভেরিফাইড জন্ম সনদ অনুযায়ী ০১ জানুয়ারি ২০২৫ তারিখে প্রার্থীর বয়স ৫ হতে ৬ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়স ৫ বৎসরের ০১ (এক) দিন কম এবং ৬ বৎসরের উর্ধ্বে ০১ (এক) দিন বেশি হলেও ভর্তির জন্য আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
 - আবেদন ফরম পূরণের নিয়মাবলী :
 - আবেদন শুরুর পূর্বে সকল নিয়মাবলী পড়ে অনলাইনে আবেদন শুরু করতে হবে। আবেদন করার জন্য ওয়েবসাইটের ঠিকানা: www.bcsirscd.edu.bd থেকে (KG Admission) অথবা www.vortibd.com এ আবেদনের পূর্বে প্রার্থীর রঙিন ছবি, পিতা, মাতা/অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের নাম্বার সাথে রাখতে হবে। আবেদন ফী সার্ভিস চার্জসহ ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা অনলাইনের মাধ্যমে প্রদান করতে হবে।
 - প্রার্থীর নাম এবং জন্ম তারিখ তার অনলাইন ভেরিফাইড জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী হতে হবে।
 - প্রবেশপত্রের ক্রমিক নাম্বারই (Serial Number) লটারীর নাম্বার হিসেবে বিবেচিত হবে।
 - পিতা, মাতা বা অভিভাবকের পেশা চাকরি হলে পদবী ও দপ্তরসহ লিখতে হবে। ব্যবসায়ীর ক্ষেত্রে পদবী ও ব্যবসা প্রতিষ্ঠানের নামসহ ঠিকানা লিখতে হবে। শুধু চাকরি বা ব্যবসা লিখলে হবে না।
 - অনলাইনে আবেদনের সময়ই প্রবেশপত্র ডাউনলোড করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং উক্ত প্রবেশপত্রের ক্রমিক নাম্বারই (Serial Number) পরবর্তী কার্যক্রমের জন্য প্রয়োজন হবে।
 - পিতা/মাতা যদি অভিভাবক না হন তবেই অভিভাবকের কলাম পূরণ করতে হবে।
 - আবেদনপত্র যাচাই-বাছাই করার পর প্রাথমিকভাবে লটারীর জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা এবং লটারীর তারিখ ও সময়সূচি বিস্তারিত নোটিশ বোর্ড ও ওয়েবসাইট/প্রবেশপত্রে উল্লেখ থাকবে।
 - লটারীর সময় প্রতি প্রার্থীর একজন অভিভাবক উপস্থিত থাকতে পারবেন (প্রার্থী উপস্থিত না হলেও চলবে)।
 - লটারীর মাধ্যমে নির্বাচিতদের তালিকা www.bcsirscd.edu.bd এবং স্কুল এন্ড কলেজের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। এছাড়া SMS- এর মাধ্যমে জানানো হবে।
 - লটারীর মাধ্যমে নির্বাচিত প্রার্থীর সাক্ষাৎকারের সময় পিতা, মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের মূলকপি, অনলাইন আবেদনের প্রবেশপত্র ও অনলাইন ভেরিফাইড জন্ম সনদ এর কপি নিয়ে উপস্থিত থাকবেন।
 - বিসিএসআইআর এর কর্মকর্তা কর্মচারীদের সম্মান ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরে বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
 - আবেদনে ভুল তথ্য প্রদান করলে অথবা চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। এছাড়া আবেদন ফরমে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেক্ট না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটা সুবিধা প্রাপ্য হবে না।
- বিঃ দ্রঃ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে লটারীর তারিখ ও সময় এবং ফলাফল প্রকাশের তারিখ পরিবর্তন করতে পারবেন। অত্র বিজ্ঞপ্তি ও নিয়মাবলীতে উল্লেখিত বিষয়াবলীর কোন পরিবর্তন করা হলে তা নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে দেয়া হবে যা সংশ্লিষ্ট সকলকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

[Help Desk: 01751775705]

Ha/27-10-2024
(মোছঃ মাসুদা মন্ডল)

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

বিসিএসআইআর স্কুল এন্ড কলেজ

বিসিএসআইআর ক্যাম্পাস, নিউমার্কেট, ঢাকা-১২০৫